

শ্রেণি - ২য়

২য় পর্ব

রিভিশন

বিষয়ঃ বাংলা (নানা রঙের ফুল ফল)

তারিখঃ ১৭/০৮/২০২০

১। শব্দার্থ লিখঃ

কোষ - কোয়া, কাঁঠাল বা কমলা লেবুর আলগা অংশ।

দানা - বিচি, বীজ, ছোলা মটর বা গম।

খোসা - ছাল, চামড়া, ফল বা সবজির আবরণ।

সুগন্ধ - সুবাস, যার ভালো গন্ধ আছে।

২। খালি জায়গায় সঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করঃ

ক) কাঁঠালের রসভরা কোষ খেতে কী মজা।

খ) ডালিমের দানা টুকটুকে লাল।

গ) আমাদের দেশ ফুলের দেশ, ফলের দেশ।

ঘ) বেলি, রজনীগন্ধা, কামিনী, গন্ধরাজের মিষ্টিগন্ধ মন ভরিয়ে দেয়।

ঙ) জবা ও কলাবতী ফুল নানারঙের হয়।

চ) পাকা বাতাবি লেবুর ভিতরটা হালকা গোলাপি রঙের।

৩। নিচের যুক্তবর্ণ ভেঙে লিখ ও দুইটি শব্দ লিখঃ

ফঃ - ষ + ণ = কৃষ্ণচূড়া, উষ্ণ

ন্ধ = ন + ধ = সুগন্ধ, বন্ধ

ঙ্গ = ঙ + গ = বাঙ্গি, বঙ্গ

ন্দ = ন + দ - সুন্দর, আনন্দ

প্র = প + র ফলা - প্রজাপতি, প্রতিদিন

ন্য = ন + য ফলা - অন্য, জন্ম

স্ত - ন + ত = কিন্তু, শান্ত

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখঃ

ক) কী কী ফুল লাল রঙের হয়?

উত্তরঃ কৃষ্ণচূড়া, শিমুল, পলাশ ফুল লাল রঙের হয়।

খ) সুগন্ধি ফুল কী কী?

উত্তরঃ গোলাপ, বেলি, রজনীগন্ধা, দোলনচাঁপা, শিউলি, গাঁদা, টগর, হাসনাহেনা।

গ) কাঁচা থাকতে কোন কোন ফল সবুজ রঙের হয় ?

উত্তরঃ আম, পেঁপে, পেয়ারা, বাঙ্গি কাঁচা থাকতে সবুজ হয়।

ঘ) তরমুজের ভেতরটা কেমন হয় ?

উত্তরঃ তরমুজের ভেতরটা খুব লাল হয়।

ঙ) কোন কোন ফলের ভিতরটা লাল রঙের ?

উত্তরঃ ডালিম ও তরমুজের ভেতরটা লাল রঙের হয়।

চ) কদম ফুল দেখতে কেমন?

উত্তরঃ সবুজ পাতার মধ্যে ছোট ছোট নরম বলের মত।

৫। (ক) ঘরের সাথে (খ) ঘরের মিল কর এবং লিখঃ

| ক | খ |
|-------------------|----------------|
| ক) বিলে ঝিলে ফোটে | হরেক রকমের ফল। |
| খ) এদেশে ফলে | টুকটুক লাল। |

| | |
|------------------------------|--------------------------|
| গ) গোলাপ ফোটে | কৃষ্ণচূড়া, শিমুল, পলাশ। |
| ঘ) পাকা ডালিমের ছোট ছোট দানা | সারা বছর। |
| ঙ) লাল রঙ নিয়ে ফোটে | শত শতশাপলা। |

উত্তরঃ

ক) বিলে বিলে ফোটে - শত শতশাপলা।

খ) এদেশে ফলে - হরেক রকমের ফল।

গ) গোলাপ ফোটে - সারা বছর।

ঘ) পাকা ডালিমের ছোট ছোট দানা - টুকটুকে লাল।

ঙ) লাল রঙ নিয়ে ফোটে - কৃষ্ণচূড়া, শিমুল, পলাশ।

৬। সত্য/ মিথ্যা নির্ণয় কর এবং লিখঃ

ক) সূর্যমুখী ও গাঁদা ফুলের রং সাদা। উত্তরঃ মিথ্যা

খ) গোলাপের সুগন্ধ নেই। উত্তরঃ মিথ্যা

গ) টগর ফুল সাদা। উত্তরঃ সত্য

ঘ) জামরুলের রং কমলা। উত্তরঃ মিথ্যা

ঙ) কাঁচা আম সবুজ রঙের হয়। উত্তরঃ সত্য

চ) দোলনচাঁপার আটটি সাদা পাপড়ি। উত্তরঃ মিথ্যা

৭। নিচের প্রশ্নগুলো পড় ও সঠিক উত্তরটি খাতায় লিখঃ

ক) কোন দুটি ফুলের মিষ্টিগন্ধ মন ভরিয়ে দেয়? উত্তরঃ গন্ধরাজ - বেলি

- i. কৃষ্ণচূড়া - পলাশ
- ii. গন্ধরাজ - বেলি
- iii. সূর্যমুখী - কাশফুল

খ) নানা রঙের হয় কোন দুটি ফুল? উত্তরঃ জবা - কলাবতী

- i. কদম - গাঁদা
- ii. শিমুল - পলাশ
- iii. জবা - কলাবতী

- i. গ) আমাদের দেশে শত শত শাপলা কোথায় ফোটে? উত্তরঃ খালে - বিলে
- ii. নদী - সাগরে
- iii. খালে - বিলে
- iv. পুকুরে - ডোবায়

ঘ) কোন ফলের কোষ ও খোসা উভয়ই কমলা রঙের হয়? উত্তরঃ কমলা

- i. পেঁপে
- ii. কাঁঠাল
- iii. কমলা

ঙ) তরমুজের ভিতরটা কী রঙের হয়? উত্তরঃ লাল

- i. লাল
- ii. কমলা
- iii. গোলাপি

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী

Work